দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 JAN 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# টঙ্গীতে বিদ্যালয়ের জমি দখল করে মার্কেট নির্মাণ

■ টঙ্গী (গাজীপুর) সংবাদদাতা

টঙ্গীর বিশ্ব ইজতেমা মাঠ সংলগ্ন নিউ মুন্নু ফাইন কটন মিলস উচ্চ বিদ্যালয়ের জমি দখল করে অস্থায়ী মার্কেট বসিয়ে লাখ লাখ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এ পরিস্থিতিতে বিদ্যালয়ে শিক্ষার্থীদের পাঠদানে বিঘ্ন ঘটায় ক্ষুব্ধ অভিভাবক ও শিক্ষার্থীরা।

জানা যায়, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুল হাই ও টঙ্গী থানা শ্রমিক লীগের সহ-সভাপতি মো. মিন্নত আলী মিনুর যোগসাজশে বিদ্যালয়ের জমিতে অর্ধশতাধিক দোকান বসানো হয়েছে। প্রতিটি দোকান মালিকের কাছে নেওয়া হয়েছে ২৫-৩০ হাজার টাকা। ইজতেমার সময়ে দোকান বসানোর সিদ্ধান্ত হলেও ইজতেমা শেষ হওয়ার এক সপ্তাহ পরও চলছে বেচাকেনা। ইতিমধ্যে বিদ্যালয়ে ক্লাস শুরু হওয়ায় ক্রেতা-বিক্রেতার ভীড়ে বিদ্যালয়ের শিক্ষার্থীরা বেশ অসুবিধা পড়েছে।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুল হাই বলেন, বিদ্যালয়ের উন্নয়নের স্বার্থে অস্থায়ী দোকান বসানো হয়েছে। তবে শনিবারের মধ্যে সকল দোকান উঠিয়ে দেওয়া হবে। যোগাযোগ করা হলে মিন্নত আলী মিনু অসুস্থতার কথা বলে বিষয়টি এড়িয়ে যান।